

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফআরডি শাখা



“বগুড়া (জাহাঙ্গীরাবাদ)-নাটোর জাতীয় মহাসড়ক (এন-৫০২) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ” শীর্ষক চলমান
উন্নয়ন প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-৮২১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

১। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, “বগুড়া (জাহাঙ্গীরাবাদ)-নাটোর জাতীয় মহাসড়ক (এন-৫০২) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পটি মোট ৭০৭৩১.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ০১-০৭-২০১৯ থেকে ৩১-১২-২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০৯-০৭-২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২৭.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ০.০৪%।

১.১) প্রকল্প পরিচালক বলেন, বিবেচ্য প্রকল্পের আওতায় মোট ৭টি প্যাকেজের মাধ্যমে ১৯.৮৭৮ ল.ঘ.মি. মাটির কাজ, ৩.৫০ কি.মি. সড়ক ৪-লেন এ উন্নীতকরণ, ৬০.২৯ কি.মি. সড়ক ২-লেন এ উন্নীতকরণ, ৫০.০৪ কি.মি. সড়ক পেভমেন্ট মজবুতকরণ, ১৩.৭৫ কি.মি. পুনঃনির্মাণ, ৬৩.৭৯ কি.মি. সার্ফেসিং, ৩.৪০ কি.মি. রোড ডিভাইডার, ২০.০০ টি বাস-বে নির্মাণ, ৬.০০ কি.মি. ফুটপাথ কাম ড্রেন, ৩৭.৯২ মিটার পিসি গার্ডার সেতু, ২২৪.৬০ মিটার কালভার্ট নির্মাণ/বর্ধিতকরণ ৯৯২০০.০০ ব.মি. কংক্রিট স্লোপ প্রোটেকশন/ ৫৬০০.০০ মিটার টো-ওয়াল নির্মাণ/ ৬১০.০০ মিটার আরসিসি টো-ওয়াল/ ৩৯৫০.০০ মিটার ইউড্রেন/ ৩৪৯০.০০ মিটার সসার ড্রেন নির্মাণ কাজ সম্পাদন করা হবে। প্রকল্প সংশোধনের কারণ সম্পর্কে সভাকে জানানো হয় যে, প্রকল্পের ৭টি প্যাকেজের বিভিন্ন অংশে কিছু কাজ সংশোধন করা প্রয়োজন, যেমন- বিভিন্ন চেইনেজ এ ৮০১৫ মি: সড়ক পুনঃনির্মাণ, কিছু অংশের সড়ক প্রশস্তকরণ ও মজবুতকরণ ইত্যাদি। তিনি আরও বলেন, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এক আধা-সরকারী পত্রের মাধ্যমে বগুড়া-নাটোর জাতীয় মহাসড়কের চেইনেজ-৩৬+৮০০ কি.মি. হতে শেরকোল (চেইনেজ ৪৮+৭০০ কি.মি.) পর্যন্ত মোট ১১.৯০ কি.মি. সড়ক ডিভাইডারসহ ৪-লেন এ উন্নীতকরণের জন্য অনুরোধ জানিয়েছেন। উক্ত ১১.৯০ কি.মি. ৪-লেন এ উন্নীতকরণ এবং ৮০১৫ মি: সড়ক পুনঃনির্মাণের জন্য ডিপিপি সংশোধন করা প্রয়োজন। এ প্রসঙ্গে আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের প্রতিনিধি জানান, প্রস্তাবিত ১১.৯০ কি.মি. সড়ক ৪-লেন এ উন্নীতকরণ কতটুকু যুক্তিযুক্ত বা আদৌ প্রয়োজন আছে কিনা তা নির্ণয় করা প্রয়োজন। তাছাড়া, সড়কের কিছু

অংশ ২-লেন, কিছু অংশ ৪-লেন করা হলে পরবর্তিতে সমস্যা হতে পারে। বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে সুনির্দিষ্ট প্রতিবেদন দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.১) ডিপিপিতে ১১.৯০ কি.মি. সড়ক বিদ্যমান ২-লেনের পরিবর্তে প্রস্তাবিত ৪-লেন এ উন্নীতকরণ এবং ৮০১৫ মি. সড়ক পুনঃনির্মাণের বিষয়ে যৌক্তিকতা নিরূপনের জন্য এ বিভাগের উপপ্রধান (সওজ জিওবি অধিশাখা) নেতৃত্বে সড়ক ও জনপথ অধিদপ্তর এবং পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত একটি টীম প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবে। উক্ত প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

৩। সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩৬.১৪.০৭৬.১৭.

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৭

০৪ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৭) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৩) প্রকল্প পরিচালক, এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রংপুর জোন, রংপুর
- ১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৫) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

- ১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর,, সড়ক সার্কেল, বগুড়া/পাবনা
- ১৯) সিনিয়র সহকারী প্রধান, জিএফআরডি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২০) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, বগুড়া/নাটোর
- ২১) সিনিয়র সহকারী প্রধান, প্রকল্প সমন্বয় শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



এ এম এম রিজওয়ানুল হক
সিনিয়র সহকারী প্রধান